

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ﷺ) এর অযুর বিবরণ

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى وَمُسَدَّدٌ قَالَا: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنْ لَيْث، عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَمْسَحُ رَأْسَهُ مَرَّةً وَاحِدَةً حَتَّى بَلَغَ الْقَذَالَ _ وَهُوَ أُوَّلُ الْقَفَا _ وَقَالَ مُسَدَّدٌ وَمَسَحَ رَأْسَهُ مِنْ مُقَدَّمِهِ إِلَى مُوَّخَّرِهِ حَتَّى أَخْرَجَ يَدَيْهِ مِنْ تَحْتِ أُذُنَيْهِ .

_ ضعیف

قَالَ مُسَدَّدٌ فَحَدَّثْتُ بِهِ يَحْيَى فَأَنْكَرَهُ . قَالَ أَبُو دَاؤُدَ وَسَمِعْتُ أَحْمَدَ يَقُولُ ابْنُ عُيَيْنَةَ وَعَمُوا كَانَ يُنْكِرُهُ وَيَقُولُ أَيْشِ هَذَا طَلْحَةُ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ

বাংলা

১৩২। ত্বালহা ইবনু মুসাররিফ হতে পর্যায়ক্রমে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর মাথা একবার মাসাহ্ করতে দেখেছি। এ সময় তিনি 'ক্নাজাল' তথা মাথার পিছনের দিকে ঘাড়ের সংযোগস্থান পর্যন্ত পৌছান। মুসাদ্দাদ বলেন, তিনি সামনের দিক থেকে পিছন দিক মাসাহ্ করেন। এমনকি তিনি স্বীয় হাত দু'টি দু' কানের নিম্নভাগ থেকে বের করেন। [1]

দৰ্বল।

মুসাদ্দাদ বলেন, আমি হাদীসটি ইয়াহ্ইয়ার নিকট বর্ণনা করলে তিনি এটিকে মুনকার (প্রত্যাখ্যাত) বলেন। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি আহমাদ (রহঃ)-কে বলতে শুনেছি, লোকদের ধারণা, ইবনু 'উয়াইনাহ এটিকে 'মুনকার' সাব্যস্ত করে বলেছেন, এর সানাদ কি এরূপঃ ত্বালহা তার পিতা হতে তার দাদা সূত্রে?



English

Narrated Talhah ibn Musarrif:

I saw the Messenger of Allah (ﷺ) wiping his head once up to his nape.

Musaddad reported: He wiped his head from front to back until he moved his hands from beneath the ears.

Abu Dawud said: I heard Ahmad say: People thought that Ibn 'Uyainah had considered it to be munkar (rejected) and said: What is this chain: Talhah - his father - his grandfather?

ফুটনোট

[1] আহমাদ (৩/৪৮১) আব্দুল ওয়ারিস সূত্রে লাইস থেকে। 'আত তাহযীব' গ্রন্থে আছেঃ ইবনু হাজার বলেছেন, হাদীসে উল্লেখ আছে, বর্ণনাকারী বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে উযু করতে দেখেছি। যদি তিনি ত্বালহা ইবনু মুসাররিফের দাদা হন তাহলে এক দলের মতে তিনি হলেন কা'ব ইবনু 'আমর। ইবনু কাওন দৃঢ়তার সাথে বলেন, তিনি হলেন, 'আমর ইবনু কা'ব। যদি উক্ত ত্বালহা ইবনু মুসাররিফের ছেলে না হন তাহলে তিনি এবং তার পিতা দু'জনেই অজ্ঞাত এবং তার দাদা সাহাবী হওয়াটা প্রমাণিত। কেননা তাকে এ হাদীস ছাড়া চেনা যায় না- (তাহযীবতু তাহযীব- ৮/৩৯৮)। ইবনুল কাইয়িয়ম বলেন, 'উসমান ইবনু সাঈদ দারিমী বলেছেন, আমি আলী ইবনুল মাদীনীকে বলতে শুনেছি, আমি সুফয়ানকে জিজ্ঞেস করলাম, লাইস হাদীস বর্ণনা করেছেন ত্বালহা ইবনু মুসাররিফ থেকে তার পিতা থেকে দাদার সূত্রে, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছেন- হাদীস। একথা শুনে সুফয়ান এটিকে অস্বীকার করলেন এবং ত্বালহার দাদা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাক্ষাৎ পেয়েছেন এ কথা শুনে আশ্বর্য হলেন।

'আওনুল মা'বূদে রয়েছেঃ সনদের লাইস ইবনু আবৃ সুলাইম সম্পর্কে আহমাদ বলেনঃ মুযতারিবুল হাদীস। হাফিয বলেনঃ ইবনু হিব্বান বলেছেন, তিনি সানাদসমূহ পরিবর্তন করে ফেলেন এবং মুরসাল বর্ণনাগুলো মারফূ বানিয়ে দেন। তিনি নির্ভরযোগ্য সূত্র দিয়ে এমন কিছু নিয়ে আসেন যা তাঁদের হাদীসের অংশ নয়। ইয়াহইয়াহ ইবনু কাত্তান, ইবনু মাহাদী, ইবনু মাঈন ও আহমাদ ইবনু হাম্বাল তাকে বর্জন করেছেন। আর ইমাম নাববী 'তাহযীবুল আসমা' গ্রন্থে বলেনঃ তার দুর্বলতার ব্যাপারে 'আলিমগণ ঐকমত্য পোষণ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ত্বলহা ইবনু মুসাররিফ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন